

# দৈনিক পূর্বকোণ

প্রতিষ্ঠাতা আলহাজ মোহাম্মদ ইউসুফ চৌধুরী

রবিবার ১৬ মার্চ ২০১৪

page-1



রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ গতকাল বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউআইটিএস-এর দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে সমাবর্তন বক্তা মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী ড. মাহাথির বিন মুহাম্মদের হাতে ক্রেস্ট তুলে দিচ্ছেন

## ইউআইটিএস'র সমাবর্তন

# মুসলিম বিশ্ব রক্ষায় বিজ্ঞানে সমৃদ্ধ হতে হবে : মাহাথির

বিদেশি শক্তিগুলোর কবল থেকে নিজেদের রক্ষায় মুসলিম বিশ্বকে বিজ্ঞান ও প্রযুক্তিমূলক শিক্ষায় সমৃদ্ধ হওয়ার উপর জোর দিয়েছেন মালয়েশিয়ার সাবেক প্রধানমন্ত্রী মাহাথির বিন মুহাম্মদ।

তিনি বলেছেন, “আমাদের (মুসলিম বিশ্ব) বিশ্ব জয় করার

আকাঙ্ক্ষা নেই। কিন্তু নিজেদের ও ধর্ম রক্ষার অধিকার আছে। মুসলমানরা তাদের রাষ্ট্রে থেকে অ-মুসলিম রাষ্ট্রে চলে যাচ্ছে। কেন এমন হচ্ছে? কারণ উন্নত মুসলিম সমাজ গড়তে যে জ্ঞান প্রয়োজন সেটা থেকে আমরা পিছিয়ে আছি। “যুদ্ধের ঘোড়া, তরবারি এবং

তীর-ধনকু দিয়ে নিজেদের এখন রক্ষা করা যাবে না। আমাদের দরকার যুদ্ধ জাহাজ, রকেট, সাবমেরিন যেগুলোর জন্য দরকার প্রযুক্তি ও বিজ্ঞানভিত্তিক জ্ঞান। জ্ঞানের এই শাখাগুলো অবহেলার কারণে মুসলিম বিশ্বকে রক্ষায় এসব অস্ত্র

● ৯ম পৃষ্ঠার ৭ম কঃ